

## প্রতিবন্ধীদের জন্য সফটওয়্যার তৈরি করছে সরকার

অনলাইন ডেস্ক

০৯ নভেম্বর ২০১৮, ১৩:২৪

আপডেট: ০৯ নভেম্বর ২০১৮, ১৩:২৬



মোস্তাফা জক্বার। ফাইল ছবি। প্রতিবন্ধীদের সুবিধার্থে বাংলা ভাষাভিত্তিক তথ্যপ্রযুক্তির মাধ্যমে সেবা নিশ্চিত করতে সফটওয়্যার তৈরি করছে সরকার। এই সফটওয়্যারের মাধ্যমে দৃষ্টিশক্তি স্বাভাবিক কিন্তু বলতে বা শুনতে অসমর্থ—এমন ব্যক্তির উপকার পাবেন। গতকাল বৃহস্পতিবার রাজধানীর জনতা টাওয়ারে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জক্বার এ কথা বলেছেন।

রাজধানীর কারওয়ান বাজারের জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্কের সভাকক্ষে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের উদ্যোগে আয়োজিত গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ প্রকল্পের আওতায় সফটওয়্যারটির রূপরেখা প্রণয়নের লক্ষ্যে ‘প্রতিবন্ধীদের জন্য সফটওয়্যার উন্নয়নবিষয়ক কর্মশালায়’ প্রধান অতিথির বক্তৃতা করেন মন্ত্রী।

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ সূত্রে জানা গেছে, ‘গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ’ শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সফটওয়্যার তৈরি হচ্ছে। সাইন ল্যাঞ্জুয়েজ, মুখভঙ্গি বা জেসচারকে ইউনিকোড টেক্সটে রূপান্তর এবং তা থেকে অটোমেটিক স্পিচ উৎপন্ন করা হবে এতে। এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির একটি মোবাইল ফোনের ক্যামেরার সামনে বাংলা সাইন ল্যাঞ্জুয়েজ প্রদর্শন করবেন, অর্থাৎ তাঁর হাত, হাতের আঙুল, মুখমণ্ডলের নড়াচড়ার মাধ্যমে সাইন ল্যাঞ্জুয়েজ প্রদর্শন করবেন, মোবাইলের অ্যাপ এই সাইনকে রিকগনাইজ করবে এবং তাকে বাংলা ইউনিকোড টেক্সট হিসেবে প্রদর্শন করবে। একই সঙ্গে এই টেক্সট থেকে বাংলা স্পিচ তৈরি হবে। এর নাম হবে ‘অটোমেটিক রিয়েল টাইম বাংলা সাইন-জেসচার ডিটেকশন অ্যান্ড টেক্সট-স্পিচ জেনারেশন সিস্টেম (ভাইস-ভার্স)।

সিস্টেমটি নির্দিষ্ট কোনো ডিভাইস নির্ভরশীল হবে না। সাধারণ অ্যান্ড্রয়েড মোবাইল বা সমতুল্য ডিভাইস দিয়ে এ কাজ করা যাবে। এই সিস্টেম মোশন ইমেজ প্রসেসিংয়ের মাধ্যমে প্রস্তুত করা হবে, যাতে কৃত্রিম বুদ্ধিমত্তা, বিশেষ করে মেশিন লার্নিং প্রযুক্তি ব্যবহার করা হবে। সাধারণত একজন প্রতিবন্ধী ব্যক্তির দৈনন্দিন ও প্রাতিষ্ঠানিক কাজে যতগুলো পরিস্থিতি (সেটিংস) তৈরি হয়, প্রায় সবই এর আওতাভুক্ত থাকবে। যেমন চিকিৎসকের সঙ্গে চিকিৎসাসেবা গ্রহণ ও রোগ বর্ণনা, পুলিশের কাছে আইনি সহায়তা ও পরিস্থিতি বর্ণনা, ক্লাসরুম, রেস্টোরাঁ, দোকান, এয়ারপোর্ট, বিনোদন স্থান, পারিবারিক আলাপচারিতা, কুশল জিজ্ঞাসা প্রভৃতি সেটিংসের সময় সাইন টু টেক্সট অ্যান্ড স্পিচ তৈরিতে সক্ষম হবে।

মোস্তাফা জব্বার বলেন, পৃথিবীর প্রায় ৩৫ কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে। তাই বাংলা ভাষাভাষী মানুষের উপযোগী সফটওয়্যার তৈরি করতে হবে।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৯

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন: ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স: ৯১৩০৪৯৬, ইমেইল: [info@prothomalo.com](mailto:info@prothomalo.com)